যুগান্তর
প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৪৫ এএম

শিক্ষাঙ্গন

# উত্তরপত্র মূল্যায়নে ৯ জরুরি নির্দেশনা

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৪ সেপ্টেম্বর ২০২৫, ০৮:০২ পিএম




জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় বিভিন্ন পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে পরীক্ষকদের জরুরি ৯টি

উত্তরপত্র মূল্যায়নের জরুরি ৯টি নির্দেশ—

১. উত্তরপত্র গ্রহণের সময় একজন পরীক্ষক অবশ্যই পরীক্ষার বিষয়, কোর্স কোড ও বিষয় কোড উত্তরপত্রের সংখ্যা অবশ্যই মিলিয়ে নেবেন।

২. ভুলবশত নির্ধারিত বিষয় বা কোর্স কোডের স্থলে অন্য কোনো বিষয় ও কোর্সের উত্তরপত্র পাওয়া গেলে সঙ্গে সঙ্গে জনাব মো. শামীম আহমেদ, উপপরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স ৪র্থ বর্ষ), জাতীয় বিশ্ববিদ্যালয়কে (মোবাইল : ০১৩১৩-০৫২৩৬১) অবহিত করতে হবে এবং জরুরি ভিত্তিতে তা পাঠাতে হবে।

৩. উত্তরপত্র গ্রহণের পরপরই নির্ধারিত প্রধান পরীক্ষককে টেলিফোনে উত্তরপত্র গ্রহণের বিষয়টি জানাতে হবে।

৪. সব উত্তরপত্রের OMR ফরমের নির্ধারিত ঘরে এবং কভার পৃষ্ঠায় কালো বলপেন দিয়ে বিষয় কোড, পরীক্ষক কোড ও উত্তরপত্রের ক্রমিক নম্বর ও প্রাপ্ত নম্বর অবশ্যই লিখতে হবে এবং সে অনুযায়ী নির্ধারিত বৃত্ত (•) ভরাট করতে হবে।

৫. লাল বলপেন দিয়ে উত্তরপত্র মূল্যায়ন করতে হবে। একই সঙ্গে প্রতিটি প্রশ্নের প্রাপ্ত নম্বর উত্তরপত্রের ভেতরে লাল কালিতে স্পষ্টভাবে লিখতে হবে এবং মোট প্রাপ্ত নম্বর উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় লিখতে হবে।

ভুল উত্তরের নিচে লাল কালিতে মার্ক করতে হবে। OMR–এর নিচের অংশে কালো বলপেন দিয়ে বিষয় কোড, পরীক্ষক কোড, প্রধান পরীক্ষকের কোড, উত্তরপত্রের ক্রমিক নম্বর এবং প্রশ্নের উত্তর অনুযায়ী প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৬. উত্তরপত্র মূল্যায়ন কাজ ২১ দিনের মধ্যে অবশ্যই শেষ করতে হবে। তারপর সংশ্লিষ্ট প্রধান

৭. যেকোনো জরুরি প্রয়োজনে প্রধান পরীক্ষক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা নিচের স্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করতে হবে।

৮. উত্তরপত্র গ্রহণ, মূল্যায়ন এবং প্রধান পরীক্ষকের কাছে পাঠানোর কাজটি নির্ধারিত সময়ের মধ্যে অত্যন্ত সতর্কতা ও গোপনীয়তার সঙ্গে শেষ করতে হবে।

৯. উত্তরপত্র মূল্যায়নে অপারগতা পোষণ করলে SMS পাওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবশ্যই জানাতে হবে।